জীবননগরে অজ্ঞান পার্টির খপ্পরে তিন ব্যাপারীর লক্ষাধিক টাকা খোয়া

জীবননগর শিয়ালমারী পশুহাটে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে নগদ লক্ষাধিক টাকা খোয়ালেন তিন ছাগল ব্যাপারী।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২টার সময় কালীগঞ্জ থেকে ছাগল কেনার জন্য জীবননগর উপজেলার শিয়ালমারী পশুহাটে আসার পথে বাসের মধ্যে পেয়ারার সাথে চেতনানাশক ঔষধ মিশিয়ে অজ্ঞান করে তাদের নিকট থাকা নগদ লক্ষাধিক টাকা ছিনিয়ে নিয়ে চলে যায়।

এ সময় তাদের অচেতন অবস্থায় বাসের হেলপার চিকিৎসার জন্য উথলীতে নামিয়ে দেন। পরে স্থানীয় ব্যবসায়ীরা প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের কাছে থাকা মোবাইল ফোন দিয়ে পরিবারের লোকজনের কাছে হস্তান্ত করেন ।

অজ্ঞান পার্টির খপ্পরে পড়া তিন ছাগল ব্যাপারী হলেন ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার মল্লিক পুর গ্রামের অপুর্ব, লক্ষণ ও জয়দেব ।

মেহেরপুরে মুক্তিযোদ্ধাদের মাঝে কম্বল বিতরণ

গতকাল বৃহস্পতিবার সকালে মেহেরপুরে স্টেডিয়ামে মুক্তিযোদ্ধাদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

হালিম মিয়ার সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্যাপ্টেন মালেক ও পিরোজপুর ইউনিয়ন কমান্ডার মো: ইদ্রিস আলী ও বিভিন্ন এলাকার মুক্তিযোদ্ধারা।

মেহেরপুরসহ আশেপাশের ইউনিয়নের ১০০ জন মুক্তিযোদ্ধার মাঝে কম্বল

বিতরণ করা হয়।

ঝিনাইদহে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রতিবাদে সংবাদ সম্মেলন ও মানববন্ধন

ঝিনাইদহ সদরের ১৫নং কালীচরণপুর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান বিশার বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রতিবাদে সংবাদ সম্মেলন ও মানববন্ধন অনুষ্টিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনয়তনে কালীচরণপুর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও মেম্বরদের উদ্যোগে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ভুক্তভোগী মতিয়ার রহমান বিশা। এসময় আরও উপস্থিত ছিলেন একই ইউনিয়নের ২নং ওয়ার্ডের সদস্য জাহাঙ্গীর আলম, ৩নং ওয়ার্ডের সদস্য ইকবাল হোসেন, সংরক্ষিত নারী সদস্য রহিমা বেগম ও শেফালী বেগম। লিখিত বক্তব্যে মতিয়ার রহমান বলেন, আমাদের নির্বাচিত চেয়ারম্যান বর্তমানে অসুস্থ থাকাই আমি গত ১৩মার্চ ২০২০ থেকে চেয়ারম্যানের দায়িত্ব পালন করে আসছি।

আসন্ন ইউপি নির্বাচনে আমি প্রার্থী হওয়ার ঘোষণা দিলে একটি কুচক্রী মহল আমার বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কার্যকলাপে লিপ্ত হয়ে আমার বিরদ্ধে অপপ্রচার করে আমাকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করছে।

তিনি লিখিত বক্তব্যে আরও বলেন আমার দায়িত্ব পাওয়ার ২/৩ বছর আগের থেকেই মাননীয় প্রধান মন্ত্রীর জমি আছে ঘর নাই এই পকল্পের আওতায় ঘর পাইয়ে দেওয়ার কথা বলে ইউনিয়নের নিরীহ অসহায় মানুষদের নিকট থেকে ইউপি সদস্য উজ্জল লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছে যার প্রমান দেওয়ার জন্য এখানে অনেকেই এসেছেন।

নিজের দোষ অন্যের ঘাড়ে চাপানোর জন্য উজ্জল মেম্বর ও তাদের সাঙ্গ পাঙ্গরা আমার বিরুদ্ধে সাংবাদিকদেও নিকট মিথ্যা তথ্য দিয়ে বিভিন্ন পত্র পত্রিকায় সংবাদ প্রকাশ করেছে। এই মিথ্যা সংবাদের বিরুদ্ধে আমি তিব্র প্রতিবাদ জানায় এবং আপনাদের লেখনির মাধ্যমে প্রকুত সত্য তুলে ধরে দোষিদের শাস্তির আওতায় আনার দাবি জানায়।

সংবাদ সম্মেলন শেষে বিকাল তিনটায় ইউনিয়নের বয়ড়াতলা বাজারে এলাকার শত শত নারী পুরুষের উপস্থিতিতে ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান বিশার বিরুদ্ধে মিথ্যা ষড়যন্ত্রের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধে মহিলাসহ আহত-৪

মেহেরপুরের গাংনী উপজেলার নওদা মটমুড়া গ্রামে শরিকানা জমিসংক্রান্ত বিরোধে একই পরিবারের মহিলাসহ চার জন আহত হয়েছেন। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

আহতরা হলেন মটমুড়া গ্রামের ছের আলীর স্ত্রী আরজিয়া খাতুন(৬০), খোকনের স্ত্রী সেলিনা খাতুন(২৯) ছের আলী(৭০) খোকন(৩০) ও শাখাওয়াত হোসেন (২৫)। গত সোমবার দুপুরে এঘটনা ঘটে।

আহত খোকন আলী জানান, আমার পিতা ছের আলী পৈর্তৃক সম্পত্তির সাড়ে চারকাঠা অংশ পেয়েছেন। অংশ মোতাবেক আমাদের অন্য চাচা ও চাচাতো ভাইয়েরা তিন কাঠা দখল দিয়েছে। দশ বছর যাবত দেড় কাঠা জমি দখল দেইনি।

এবিষয়ে আমরা আমাদের চাচাদের সাথে কথা বলতে গেলে খলিলুর রহমানের ছেলে জিল্লুর রহমান, শহিদুল ইসলাম, জিল্লুর রহমানের ছেলে একলাচুর রহমান লোহার রড ও হাসুয়া দিয়ে মারধর করে রক্তাক্ত জখম করে।

স্থানীয়রা আমাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এব্যপারে ওই দিন গাংনী থানায় একটি লিখিত অভিযোগ

দায়ের করা হয়। অভিযোগের ভিত্তিতে একজন এসআই তদন্ত করে বিষয়টি মিমাংসার জন্য পরামর্শ দেন।

এবিষয়ে শহিদুল ইসলাম বলেন, আমাদের পৈত্তিব সম্পত্তি নিয়ে বিরোধ ঠিকই কিন্তু আহতরা সকলেই আমাদেরই আত্নীয়। তাদের সাড়ে চার কাঠা জমির মধ্যে তিন কাঠা জমি দেয়া হয়েছে বাকী দেড় কাঠা জমি অন্যের দখলে থাকায় দেয়া হয়নি এছাড়াও ওই জমি নিয়ে প্রতিবেশি একজনের সাথে আদালতে মামলা চলছে।

খোকন আর শাখাওয়াত আমাদের মারধর করতে আসলে তাদের মারধর করা হয়েছে এসময় আমি বাড়ি ছিলামনা। বামুন্দি বাজারে বাজর করতে গিয়েছিলাম। বিষয়টি মিমাংসার প্রক্রিয়া চলছে।

অভিযোগের তদন্ত করে লিখিত প্রতিবেদন দিয়েছেন বলে জানান, গাংনী থানার এসআই জান্নাত। তবে বিষয়টি যাচাই করে আইনগত ব্যবস্থা নেবেন বলে জানান গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান।

মুজিবনগরে হারানো সংসার ফিরে পেলেন মহিদুল-খাদিজা

মুজিবনগরে থানা নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্কের সহোযোগীতায় ২ বছরের হারানো সংসার ফিরে পেলেন মহিদুল ও খাদিজা খাতুন।

মহিদুল ইসলাম মুজিবনগর উপজেলার মানিকনগর গ্রামের হাসুর ছেলে ও খাদিজা খাতুন একই উপজেলার বাগোয়ান গ্রামের মিলাম হোসেনের মেয়ে।

পারিবারিক ভাবে দুপক্ষের মত অনুযায়ী ৭ বছর আগে বিয়ে হয় তাদের। সংসারে রয়েছে একটি ৫ বছরের মেয়ে সন্তান। শুরুতে চলছিলো খুব ভালোই। বিয়ের কয়েক বছর পর এনজিও থেকে ঋণ নেওয়ার পর পরিশোধ না করাকে কেন্দ্র করে শুরু হয় তাদের পারিবারিক অশান্তি।

এক পর্যায়ে বছর দুয়েক আগে তাদের মধ্যে ছাড়াছাড়িও হয়ে যায়। ছাড়াছাড়ি হওয়ার পর বিভিন্ন যায়গায় গিয়েও তাদের বিষয়টি মিমাংসা

হয়নি। সর্বশেষে মেয়ের পক্ষ থেকে মীমাংসার জন্য থানায় অভিযোগ করা হয়। মেয়ে পক্ষের অভিযোগের প্রেক্ষিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের পরামর্শক্রমে এএসআই উজ্জল বিষয়টি আমলে নেন।

পরে বৃহস্প্রতিবার সকালে তাদের উভয় পরিবার ও স্থানীয় জনপ্রতিনিধিদের থানায় ডেকে নিয়ে তাদের সংসারে অশান্তির বিষয়টি শোনেন তিনি। সকল ঘটনা শোনার পর উভয় পক্ষকে বুঝিয়ে তাদের ভূল বোঝাবুঝিটা ছেলে এবং মেয়ের সামনে তুলে ধরেন।

একপর্যায়ে দুজনই তাদের ভূল বুঝতে পেরে নতুন করে আবারো সংসার করতে আগ্রহ প্রকাশ করলে দুপক্ষের মেম্বরদের সাথে নিয়ে আপোস মীমাংসা করে।

ছেলে ও মেয়ের সাথে কথা বলে জানা যায়, ভূল বোঝাবুঝির কারনে আমাদের সংসারে একটা বিচ্ছেদের সৃষ্টি হয়েছিলো। মুজিবনগর নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্ক আমাদের চোখ খুলে দিয়েছে। একটু দেরিতে হলেও আমরা আমাদের ভূল বুঝতে পেরেছে। আমরা আমাদের সন্তানকে নিয়ে আবারো আগের মত সুখের সংসারে ফিরে আসতে পেরেছি।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, একটি সংসারে স্বামি স্ত্রীর মধ্যে ছোটখাটো ঝামেলা হতেই পারে। তবে এই ছোট ঝামেলা ভূল বোঝাবুঝির কারনে এক সময় সংসার নষ্ট হয়ে যায়।

একই ভাবে এদের দুজনের সংসারটা নষ্ট হয়ে যাচ্ছিলো। এদের একটি বাচ্চা রয়েছে। সংসারটি নষ্ট হয়ে গেলে বাচ্চাটির জীবন অন্ধকারে নেমে আসতো। তাই আমরা চেষ্টা করেছি তাদের আবারো আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে আসতে।

মুজিবনগর বিশ্ববিদ্যালয়

অনুমোদন দেওয়ায় বুড়িপোতা ইউনিয়ন পরিষদের আনন্দ র্যালী

মেহেরপুরে মুজিবনগর বিশ্ববিদ্যালয় স্থাপন সংক্রান্ত প্রস্তাব অনুমোদন দেওয়ায় বুড়িপোতা ইউনিয়ন পরিষদের উদ্যোগে আনন্দ র্যালী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানের নেতৃত্বে বুড়িপোতা মাধ্যমিক বিদ্যালয় এর মাঠ থেকে বাজনার তালে তালে গ্রাম বাসীদের নিয়ে এ আনন্দ মিছিল বের করা হয়।

এসময় আনন্দ মিছিলটি গোভীপুর হয়ে মেহেরপুর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা পরিষদের সামনে গিয়ে শেষ হয়।

এসময় আনন্দ র্যালীতে উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য মিলন, ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য সানোয়ার হোসেন, ৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য শরিফ, ৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য ইমরান, ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য লাল্টু, ৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য ওয়াশিম, ৭ নং ওয়ার্ডের ইউপি সদস্য ইসমাইল,৮ নং ওয়ার্ডের ইউপি সদস্য আলমগীর, ৯ নং ওয়ার্ডের ইউপি সদস্য সিদ্দিকুর রহমান, ও ৪, ৫, ৬ এর বর্তমান মহিলা মেম্বর আসমান আরা মিশ্রী, ও সাবেক ইউপি সদস্য আরজেনা খাতুন সহ ৮ নং ওর্য়াডের সাধারন সম্পাদক শাহিন, আনিসুর রহমান, রনি, ফুলচাদ, আনসার মোল্লা, শাহারুল সহ গোভীপুরের গ্রামবাসীরা।

১৫ জানুয়ারির পর পরিস্থিতি ভালো হলে শিক্ষাপ্রতিষ্ঠান

খোলা হবে: প্রধানমন্ত্রী

আগামী বছরের ১৫ জানুয়ারির পর পরিস্থিতি ভালো হলে শিক্ষাপ্রতিষ্ঠান খোলা হবে, নয়তো খোলা হবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বই উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে এই কথা জানান তিনি।

প্রতি বছর গণভবনে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে বই উৎসব উদ্বোধন করা হলেও এবার করোনার কারণে গণভবন থেকে ভার্চুয়ালি উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।
পরে সারাদেশে পর্যায়ক্রমে ১২ দিনে শিক্ষার্থীদের হাতে বিতরণ করা হবে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক।

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বই উৎসবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডাক্তার দীপু মনি, প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন, শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল।

এছাড়া মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. মাহবুব হোসেন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আমিনুল ইসলাম খান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র সাহাসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন বই উৎসবে।

বামন্দি এলাকায় সিনজেনটা কোম্পানীর নকল পণ্যে প্রতারিত কৃষক

মেহেরপুরের বামন্দি এলাকায় সিনজেনটা কোম্পানীর নকল বালাইনাশক বিক্রি করায় প্রতারিত হচ্ছে চাষিরা। কিছু অসাধু ব্যবসায়ীরা নিজের

স্বার্থসিদ্ধি হাসিল করার করার জন্য সিনজেনটার নকল পণ্য বাজারে সরবরাহ করছে। তবে সিনজেনটার মনোনীত বিক্রেতার কাছ থেকে পণ্য কিনলে প্রতারিত হবে না চাষিরা। বলছে, কোম্পানীর প্রতিনিধিরা।

জানা গেছে, সিনজেনটা কোম্পানীর কৃষিতে ব্যবহৃত সকল প্রকার উৎপাদিত পণ্যের ব্যাপক চাহিদা চাষিদের কাছে। চাষিদের চাহিদা কে পুজিঁ করে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী সিনজেনটার নকল পণ্য বাজারে সরবরাহ করছে। নকল পণ্য গুলোর মোড়ক আসল পণ্যের মোড়কের মত দেখতে হওয়ায় সহজেই বুঝতে পারবে না চাষিরা। ফসলের ক্ষেতে ব্যবহার করে কোন ফল পাবে না তারা। যার ফলে নকল পণ্য কিনে প্রতারিত হচ্ছে চাষিরা। ব্যাহত হচ্ছে উৎপাদন। তবে চাষিদের এই ক্ষতির দায় নিতে চাই না কেউ।

বামন্দি গ্রামের চাষি আমজাদ হোসেন জানান, সিনজেনটার ভিরতাকো বিষে ধানের মাজরা পোকা দমনে ভালো কাজ করে কিন্তুু এবারে ধানের জমিতে দিয়ে পোকা দমনে কোন হয়নি। শুধু শুধু টাকা নষ্ট হয়েছে। ভিরতাকো নাই অন্য গুলোও নকল বের হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে বামন্দি বাজারের কয়েকজন কীটনাশক ব্যবসায়ী জানান, কুষ্টিয়া জেলার ধর্মদহ, নাটনাপাড়া, খলিশাকুন্ডি ও গাংনী উপজেলার হাড়াভাঙ্গা, বাদিয়াপাড়া এলাকার বেশ কয়েকজন বিভিন্ন এলাকা থেকে সিনজেনটার পণ্য এনে গোপনে কম মূল্যে বিক্রি করে যান। সে গুলো কোথা থেকে সংগ্রহ করে তা জানি না। তবে জেলার বাহিরে থেকে সংগ্রহ করে এ এলাকার সকল কীটনাশকের দোকানে সরবরাহ করে থাকে। কম দামে কিনে বিক্রি করলে লাভ ভালো হওয়ায় সিনজেনটার মনোনীত বিক্রেতার কাছ থেকে কোন খুরচা ব্যবসায়ী পণ্য ক্রয় করে না।

সিনজেনটা কোম্পানীর মার্কেটিং ইউনিট ম্যানেজার আল মুজাহিদ মৃদুল জানান, সিনজেনটার পণ্যর চাহিদা বেশি থাকায় কিছু অসাধু ব্যবসায়ীরা নকল পণ্য সংগ্রহ করে বাজারজাত করছে এতে চাষিরা প্রতারিত হচ্ছে। এসব অসাধু ব্যবসায়ীদের ধরতে কোম্পানীর পক্ষ থেকে আমরা কাজ করছি। তবে সিনজেনটার মনোনীত বিক্রেতার কাছ থেকে কোন পণ্য কিনলে চাষিরা প্রতারিত হবে না।

গাংনী উপজেলা কৃষি অফিসার কে. এম শাহাবুদ্দিন আহমেদ জানান, চাষিদের চাহিদার উপর নির্ভর করে অনেকে নকল পণ্য বাজারে সরবরাহ করে থাকে। এতে চাষিরা ক্ষতিগ্রস্থ হয়। কৃষি বিভাগের পক্ষ থেকে

আমরা তদরকি করছি। কোন অসাধু ব্যবসায়ী নকল পণ্য বিক্রি করে সেটি জানতে পারলে বা ধরা পড়লে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি তার বিরুদ্ধে মামলা দায়ের করে তার লাইসেন্স বাতিল করা হবে। কৃষকের সাথে প্রতারণা কোন ভাবেই মেনে নেওয়া যাবে না।

কালীগঞ্জে পৃথক সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় কাভার্ডভ্যানের ধাক্কায় ইকবাল হোসেন (৩৫) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

গতকাল বুধবার দুপুরে যশোর-ঝিনাইদহ মহাসড়কের বারোবাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহা: মাহফুজুর রহমান জানান, ইকবাল মোটরসাইকেল নিয়ে যশোরে যাচ্ছিলেন। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মুরগি বোঝায় কাভার্ডভ্যান তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে রাস্তার পাশে ছিটকে পড়ে ঘটনাস্থলেই ইকবাল মারা যান। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এদিকে, ঝিনাইদহ সদর উপজেলার গান্না বাজার এলাকায় সড়ক দুর্ঘটনায় ইমদাদুল হক (৩২) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। গতকাল বুধবার বিকেল ৩ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইমদাদুল হক কালীগঞ্জ উপজেলার মথুরাপুর গ্রামের আশাদুল ইসলামের ছেলে। সে চুয়াডাঙ্গায় ব্যাংক এশিয়ার মার্কেটিং অফিসার পদে কর্মরত ছিলেন।

কালীগঞ্জ থানার এসআই আবুল খায়ের জানান, গতকাল বুধবার বিকেল ৩ টার দিকে চুয়াডাঙ্গা থেকে মোটরসাইকেলে করে নিজ বাড়ি মথুরাপুরে ফিরছিলেন ইমদাদুল হক। পথমধ্যে সদর উপজেলার গান্না বাজার এলাকায় পৌঁছালে একটি ভ্যানের সাথে ধাক্কা খেয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যান।

এরপর কালীগঞ্জগামী একটি সবজি বোঝায় ট্রাক তার কোমরের উপর দিয়ে চলে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

হরিণাকুণ্ডুু পৌর নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীর মনোনয়নপত্র জমা

৩য় ধাপের পৌরসভা নির্বাচনে ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী ফারুক হোসেন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

গতকাল বুধবার দুপুরে উপজেলার সহকারী রির্টানিং কর্মকর্তা নুরু উল্লাহ’র হাতে তিনি দলীয় মনোনয়ন জমা দেন।

এসময় উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন, সংসদ সদস্য’র প্রতিনিধি রওশন আলী, পৌর আওয়ামী লীগের সভাপতি খায়রুল ইসলাম, আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যান গোলাম মোস্তফা, নাজমুল হুদা পলাশ, শরাফত দৌলা ঝন্টু, মোহাম্মদ আলীসহ উপজেলা ও পৌর আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সহকারী রির্টানিং কর্মকর্তা নুরু উল্লাহ জানান, আগামী ৩০ জানুয়ারি হরিণাকুন্ডু পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামীকাল ৩১ ডিসেম্বর মনোনয়নপত্র জমাদানের শেষ তারিখ। দুপুর পর্যন্ত মেয়র পদে প্রার্থী ফারুক হোসেন ও কাউন্সিলর পদে ৭ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন।